দৈনিক জনকণ্ঠ

DEC. 22 2001

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

# প্রকৌশলীসহ সব ধরনের নিয়োগ বন্ধ ॥ বুয়েট শিক্ষার্থীদের মধ্যে অনিশ্চয়তা

বুয়েট রিপোর্টার ॥ বর্তমান সরকারের সব ধরনের নিয়োগ বন্ধের সিদ্ধান্তে অনিশ্চিয়তা দেখা দিয়েছে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) শত শত শিক্ষার্থীর ক্যারিয়ার নিয়ে। সরকারের ব্যয় সঙ্কোচন নীতির কারণে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে গেছে প্রকৌশলী নিয়োগ। একই কারণে বন্ধ থাকছে বুয়েটের শিক্ষক নিয়োগ। এটা ব্যাপক নেতিবাচক প্রভাব ফেলবে বুয়েট শিক্ষার্থীদের মধ্যে।

আগামী ফেব্রুয়ারিতে শিক্ষাজীবন শেষ করে প্রকৌশলী হিসাবে বেরুবে বুয়েটের ১০টি বিভাগের ৬ শতাধিক শিক্ষার্থী। এর মধ্যে বুয়েট থেকে প্রথমবারের মতো স্নাতক ডিগ্রী সম্পন্ন করে ৩০ জন নগর ও অঞ্চল পরিকল্পনাবিদ বেরুবে। অথচ এই বিপুলসংখ্যক হবু প্রকৌশলীর জন্য বন্ধ থাকছে সরকারী নিয়োগ। এদের মধ্যে যারা খুবই মেধাবী তাদের সুযোগ থাকছে না বুয়েটে শিক্ষক হিসাবে যোগদান করার। অন্যদিকে ভিসা সমস্যার কারণে প্রায় বন্ধ হয়ে গেছে ক্যারিয়ার গঠনে আমেরিকা-উইরোপ যাওয়া। এ রকম একটি অবস্থায় বুয়েটে শিক্ষক নিয়োগ এবং প্রকৌশলী পদে সরকারী নিয়োগ বন্ধের সিদ্ধান্ত অচিরেই বুয়েট শিক্ষার্থীদের মনোবল ভেঙ্গে দেবে। শুধু তাই নয় এর প্রভাব পড়বে পরবর্তী শিক্ষাবর্ষের ছাত্রছাত্রীদের মধ্যেও। এ নিয়ে বুয়েটের ৩য় বর্ষের শিক্ষার্থী মাহবুব কবীর বলেন, বুয়েটের সদ্যভর্তি হওয়া একজন শিক্ষার্থী তার বুয়েট শিক্ষাজীবন শুরু করে একটা উচ্চাশা নিয়ে। কারও স্বপ্ন থাকে মেধার শীর্ষে থেকে বুয়েটে শিক্ষক হিসাবে নিয়োগ পাবার, কারও বিদেশে পাড়ি দেবার। তাই বুয়েটের শিক্ষক নিয়োগ বন্ধ কিংবা সরকারী নিয়োগ বন্ধ নুতন-পুরনো সব শিক্ষার্থীদের হতাশাচ্ছন্ন করবে।

এদিকে বুয়েট কর্তৃপক্ষও বিষয়টি নিয়ে ভাবছে। সব ধরনের নিয়োগ বন্ধের প্রভাব ও সমস্যা সরকারের কাছে জানাতে বুয়েট উপাচার্য উদ্যোগ নিচ্ছেন বলে জানা গেছে। এ ব্যাপারে বুয়েট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক রিজওয়ান খান জনকণ্ঠকে বলেন, অল্পদিন হলো এ ধরনের সিদ্ধান্ত সরকারের পক্ষ থেকে নেয়া হয়েছে। এরই ধারাবাহিকতায় বুয়েটে শিক্ষক নিয়োগও বন্ধ থাকছে। আমরা আরও কিছুদিন অবস্থা পর্যবেক্ষণ করব। তবে অবস্থার পরিবর্তন না হলে আমরা এ নিয়ে অবশ্যই কিছু করব।